# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

=============================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর আজ রাষ্ট্রপতি ভবনে বিমান পরিবহন ক্ষেত্রে সাফল্যের সঙ্গে কাজ করা মহিলা কর্মীদের সঙ্গে মত-বিনিময়।

২) রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে আগামী ১৩ ই নভেম্বর অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য ক্ষমতাসীন বিজেপি সহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান জোরদার।

৩) রাজ্য সরকারের কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান করা সম্পর্কে নির্দেশনা জারী।

এবং

৪) ছট পূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করা জন্য কাছাড় জেলা প্রশাসনের প্রস্তুতি।

--------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু আজ রাষ্ট্রপতি ভবনে বিমান পরিবহন ক্ষেত্রে সাফল্যের সংগে কাজ করা মহিলা কর্মীদের সংগে মত বিনিময় করেন ।এই বৈঠক দ্য প্রেসিডেন্ট উইত দ্য পিপল এই পদক্ষেপের অধীনে অনুষ্ঠিত হয় । এই বৈঠকের লক্ষ্য হচ্ছে জনসাধারণের সংগে গভীর সংযোগ তৈরী করে তাদের অবদানকে স্বীকৃতি প্রদান করা । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি তার ভাষনে বলেন যে মহিলারা ভারতীয়

অসামরিক বিমান পরিবহন ক্ষেত্রের বিভিন্ন পদ সহ প্রযুক্তিগত ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকেন । তিনি বলেন ১৫ শতাংশ এয়ার ট্রাফিক কনট্রোলার মহিলা , ১১ শতাংশ বিমান পরিবহনের ক্ষেত্রে নিরাপদ ও সুরক্ষা বজায় রাখার দায়িত্বে থাকা মহিলা আধিকারিকরা ও ৯ শতাংশ মহাকাশ প্রকৌশলী । শ্রী মতী মূর্মূ জানান ১৮ শতাংশ মহিলা বিমান চালক গতবছর ব্যবসায়িক অনুজ্ঞাপত্র লাভ করেন ।তিনি বলেন বর্তমান সরকার এই ক্ষেত্রে মহিলাদের উন্নয়নে বিশেষ পদক্ষেপ গ্রহন করে আসছে ।

---

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে আগামী ১৩ ই নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান জোরদার করে তুলেছে । ক্ষমতাসীন বিজেপি সহ অন্যান্য দলগুলি স্থানে স্থানে দলীয় প্রার্থীর সমর্থনে সভা , পদযাত্রা সহ বিভিন্নভাবে প্রচার চালিয়ে যাচ্ছে । মন্ত্রী পীযুষ হাজারিকা বিহালী আসনের বেশ কিছু অঞ্চলে বিজেপি মনোনীত প্রার্থী দিগন্ত ঘাটোয়ারের হয়ে নির্বাচনী প্রচার চালায় । বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা , রঞ্জিত দত্ত সহ বেশ কয়েকজন বিজেপি নেতা এই প্রচার সভায় উপস্তিত ছিলেন ।

এদিকে মন্ত্রী রঞ্জিত কুমার দাস বঙাইগাও বিধানসভা আসনের দুলাইগাও গাও পঞ্চায়েতে বিজেপি মিত্রজোটের প্রার্থী দিপ্তীময়ী চৌধুরীর হয়ে প্রচার চালান । তিনি অগপর বঙাইগাও জেলা কার্যালয়ে এক বৈঠকে অংশ গ্রহণ করে আগামী ৬ ই নভেম্বর মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার এই আসনের জন্য জনসভায় অংশ গ্রহনের প্রস্তুতি সম্পর্কে আলোচনা করেন ।এক ই ভাবে সামাগুড়ি বিধানসভা আসনের উপনির্বাচনের এন ডি এ র মনোনীত বিজেপি প্রার্তী দিপ্লুরঞ্জন শর্মার হয়ে মন্ত্রী কেশব মহন্ত ও অতুল বরা প্রচার চালান ।

অন্যদিকে সাংসদ রকিবুল হুসেইন সামাগুড়ি বিধানসভা আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হুসেইনের হয়ে নির্বাচনী প্রচার চালান । সাংসদ গৌরব গগৈ বিহালী আসনের কংগ্রেস প্রার্থী জয়ন্ত বরার হয়ে বেশ কয়েকটি প্রচার সভায় অংশ গ্রহন করেন ।

এদিকে ধলাই আসনে কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থের হয়ে এ আই সি সির সাধারণ সম্পাদক জিতেন্দ্র সিং প্রচার সভায় অংশ নেন । শ্রী সিং এর সংগে এ আই সি সির সম্পাদক পৃথীরাজ সাথে , এ পি সি সির সভাপতি ভূপেন বরা , বিধায়ক নন্দিতা দাস সহ বেশ কয়েকজন দলীয় নেতা কর্মী নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন ।

---

ধলাই বিধানসভা আসনের উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ।নির্বাচনী সামগ্রী বিতরণ ও সংগ্রহ করার জন্য একটি সুনির্দিস্ট সময়সূচী প্রস্তুত করা হয়েছে ।এছাড়া নির্বাচনের কাজে নিয়োজিত কর্মীদের জন্য বিশেষ প্রশিক্ষণ কার্যসূচীর আয়োজন করা হয়েছে । শিলচর রামনগর ইন্টার স্টেট ট্রাক টার্মিনার্স ( আই এস টি টি) তে নির্বাচনী সামগ্রী বিতরণ ও গ্রহণ কেন্দ্র স্থাপন করা হয়েছে বলে জেলা নির্বাচন কার্যালয় সূত্রে জানানো হয়েছে ।নির্বাচনী সামগ্রী আগামী ১২ নভেম্বর বিতরণ করা হবে ।এদিকে আগামী ৮ নভেম্বর কাছাড় জেলা পরিষদের সভাকক্ষে বিভিন্ন বিভাগে নিয়োজিত গ্রেড থ্রি ও গ্রেড ফোর কর্মচারীদের নিজেদের দ্বায়িত্ব বুঝিয়ে দিতে এক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে ।আগামী ১২ ও ১৩ ই নভেম্বর সকাল ৫ টা থেকে ডাকবাংলো এবং জেলা আয়ুক্তের কার্যালয়ের সামনে থেকে বাস সেবা চালু থাকবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।শিলচর উন্নয়নভবনের পাস ও ফটোগ্রাফি সেল থেকে ১৩ ই নভেম্বরের আগেই প্রয়োজনীয় পাস সংগ্রহ করার জন্য সব স্তরের কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় নতুন ও নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন যে ভারত ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট নবীকরণযোগ্য শক্তি লাভ করার লক্ষ্যে ৯০ গিগাওয়াট সৌরশক্তি স্থাপন করেছে ।শ্রী যোশী আজ নতুনদিল্লীতে আন্তর্জাতিক সৌর মিত্রতার সপ্তম পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিয়ে একথা বলেন ।মন্ত্রী বলেন যে সরকার ৩৭ দশমিক ৫ গিগাওয়াট নবীকরণযোগ্য শক্তির ৫০ টি সৌর উদ্যানের জন্য অনুমোদন জানিয়েছে ।উল্লেখ্য এবারের আন্তর্জাতিক সৌর মিত্রতা অধিবেশন ভারতের অধ্যক্ষতায় অনুষ্ঠিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব নতুন প্রযুক্তির ব্যবহার ,আগামী বছরের মধ্যে রেল লাইনের বৈদ্যুতিকরণ ,তথা আধুনিক রেল ব্যবস্থার মাধামে পরবর্তী ৫ থেকে সাত বছরের মধ্যে দেশে রেল সফর ক্ষেত্রে বৃহৎ পরিবর্তন পরিলক্ষিত হবে বলে আশা প্রকাশ করেন ।গতকাল কোজিকোডে এক বিশেষ অনুষ্ঠান উদ্বোধন করে রেলমন্ত্রী বলেন যে অমৃত ভারত ষ্টেশন পুনর উন্নয়ন প্রকল্পের অধীনে এক লক্ষ কোটি টাকা ব্যায় সাপেক্ষে এক হাজার ৩৩৪ টি ষ্টেশনের পুনর উন্নয়নমূলক কাজকর্ম অব্যাহত রয়েছে ।তিনি বলেন যে সরকার সৃষ্টিশীল সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে দেশের বিভিন্ন প্রান্তে একগুচ্ছ ভারতীয় উদ্ভাবনীমূলক প্রযুক্তি প্রতিষ্ঠান স্থাপন করার পরিকল্পনা করছে ।

---

রাজ্য সরকারের কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান সম্পর্কে আজ আনুষ্ঠানিক নির্দেশনা জারি করা হয়েছে । রাজ্য সরকারের সচিব আজ এ সম্পর্কে নির্দেশনা জারি করেন । উল্লেখ্য গত ২৭ শে অক্টোবর আনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে রাজ্য সরকারের অধীন কর্মচারীদের মহার্ঘ ভাতা ৩ শতাংশ বৃদ্ধির প্রস্তাবে অনুমোদন জানানো হয়েছিল ।এই সিদ্ধান্ত চলতি বছরের পয়লা জুলাই থেকে প্রযোজ্য হবে । অবশ্য কর্মচারীরা পয়লা ডিসেম্বর থেকে বর্ধিত হারে মহার্ঘভাতা লাভ করবেন ও বাকী ৪ মাসের জন্য কর্মচারীদের ৪ টি কিস্তিতে বকেয়া প্রদান করা হবে । রাজ্য সরকার এই বৃদ্ধির জন্য বছরে অতিরিক্ত ৮ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় করবে ।

---

কাছাড় জেলার সহকারী শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মালিকদের আসাম দোকান ও প্রতিষ্ঠান আইন ১৯৭১ এর ১১ নম্বর ধারা অনুযায়ি প্রত্যেক রবিবার নিজ নিজ দোকান তথা বানিজ্যিক প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন ।এই নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । তবে আইন অনুসারে ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলো এই আদেশের বাইরে থাকবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১১ ই নভেম্বর থেকে জেলার বিভিন্ন স্থানে খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে ।হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ১১ , ১২ , ১৩ ও ১৪ নভেম্বর বোয়ালিপার গাওপঞ্চায়েতের কার্যালয় ,লালা খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয় , দরিয়াঘাট - কারিছড়া এবং আলগাপুর গাওপঞ্চায়েত কার্যালয়ে বসবে ।১৬ , ১৮ , ১৯ ও ২০ নভেম্বর মাটিজুরি -পাইকান , পূর্বকিত্তারবন্দ , কালিনগর গাওপঞ্চায়েত কার্যালয় ও দক্ষিণ হাইলাকান্দি খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয় খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া ২১ , ২২ ,২৫ ও ২৬ নভেম্বর শিরিশপুর , আয়নাখাল , জামিরা এবং পাঁচগ্রাম গাওপঞ্চায়েত কার্যালয়ে শিবিরের আয়োজন করা হয়েছে । জমির পাট্টাদারদের নিকটবর্তী খাজনা আদায় শিবিরে নিজেদের জমির খাজনা জমা দিতে জেলা প্রশাসনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ পৌরসভার কার্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে করিমগঞ্জ পৌর এলাকার সর্বস্তরের ব্যবসায়ীদের অবগতির জন্য জানিয়েছেন যে আগামীকাল থেকে সব ব্যবসায়িক

প্রতিষ্ঠানের কাছ থেকে উপযুক্ত রশিদ সহকারে ইউজার মাশুল সংগ্রহ করা হবে ।সংশ্লিষ্ট আদায়কারীদেরকে সহযোগিতা করার জন্য তথা বিনা রশিদে মাশুল না দিতে ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------